# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 29 June, 2025

কুড়িগ্রামে মাদকদ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৫ উপলক্ষ্যে ৯ দিন ব্যাপী কর্মসূচি পালন করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) । এ সময় কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) দায়িত্বপূর্ণ এলাকায় মাদক প্রতিরোধে জনসচেতনতা সভা ও বিশেষ অভিযান চালানো হয় বলে জানিয়েছেন বিজিবি কর্তৃপক্ষ।

বিজিবি জানায়,গত ২০ জুন থেকে ২৮ জুন পর্যন্ত কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) দায়িত্ব পূর্ণ এলাকায় জেলা প্রশাসন,পুলিশ প্রশাসন যৌথভাবে এলাকায় জনসাধারনের মধ্যে সচেতনতা বৃদ্ধি, মাদকদ্রব্য অপব্যবহার বিষয়ে বিভিন্ন ব্যানার, ফেষ্টুন এবং পোস্টার প্রদর্শন করা হয়েছে।বিশেষ করে সীমান্ত এলাকা যাত্রাপুর চাকন্দাখান পাড়া উচ্চ বিদ্যালয়ের মাঠ, নারায়নপুর বিওপি'র দায়িত্বপূর্ণ নারায়ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, পাথরডুবি, ময়দান, দিয়াডাংগা, ধলডাংগা, উত্তর ধলডাংগা, হাজিপাড়া, শালঝোড়, ভাওয়ালকুড়ি, বাবুরহাট,সোনাহাট,কেদার,কচাকাটা,মাদারগঞ্জ,চৌদ্দঘুড়ি,পাখিউড়ারচর,দইখাওয়ারচর দায়িত্বপূর্ণ এলাকায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্বেচ্ছাসেবী সদস্যরা ও এলাকার সাধারণ জনগণের উপস্থিতিতে মাদকদ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী বিষয়ে জনসচেতনতামূলক সভা করা হয়।

এছাড়া মাদক চোরাকারবারী ও মাদক ব্যবসায়ীর সাথে যোগাযোগ না রাখার বিষয়ে সচেতন করা হয়।কোন নাগরিক যাহাতে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে বাংলাদেশ হতে ভারতে এবং ভারত হতে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করেতে না পারে সে ব্যাপারে বিশেষভাবে

সচেতন ও প্রেষণা প্রদান করা হয়।সীমান্ত এলাকায় অপরিচিত বা সন্দেহভাজন কোন ব্যক্তিকে দেখলে নিকটস্থ বিওপি’কে অবহিত করার জন্যও সভায় আলোচনা করা হয় বলেন জানান বিজিবি কর্তৃপক্ষ।

কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) অধিনায়ক লেঃ কর্নেল মোহাম্মদ মাহবুব-উল-হক বলেন,বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দেশ ও জনগণের স্বার্থে সীমান্তে অতন্ত্র প্রহরী হিসেবে কাজ করে আসছে।সম্প্রতি পুশইন ঘটনায় কঠোর অবস্থানে আছে বিজিবি, এছাড়া মাদক প্রতিরোধসহ অবৈধ মালামাল পাচার ঠেকাতে বিজিবি'র কঠোর নির্দেশনা আছে বলে জানান তিনি।

বিজিবি মাদক মাদকদ্রব্য

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 07:01

URL: https://www.timestodaybd.com/rangpur/3923775807